

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
কুড়িগ্রাম সদর কুড়িগ্রাম।  
bbs.kurigramsadar.kurigram.gov.bd

স্মারক নং-৫২.০১.৪৯৫২.০০০.১৪.০০১.২০-

তারিখঃ ০৬ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ  
২০ জানুয়ারি, ২০২০ খ্রি:

**শুমারিকর্মী নির্বাচন বিজ্ঞপ্তি**


বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র কুড়িগ্রাম সদর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বহস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রশিক্ষণঃ ৪০০/- (প্রতিদিন) সম্মানী ভাতাঃ ৮৫০০/- (ভ্যাটসহ)	১) ন্যূনতম স্নাতক/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০৫/০২/২০২০ তারিখে বয়স ২৫-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	প্রশিক্ষণঃ ৪০০/- (প্রতিদিন) সম্মানী ভাতাঃ ৮০০০/- (ভ্যাটসহ)	১) ন্যূনতম এইচ এস সি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০৫/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।

বিঃদ্রঃ উল্লিখিত প্রশিক্ষণ ও সম্মানী ভাতা প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরণের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

**শর্তাবলীঃ**

- ০১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়, কুড়িগ্রাম সদর এর ওয়েব পোর্টাল [bbs.kurigramsadar.kurigram.gov.bd](http://bbs.kurigramsadar.kurigram.gov.bd) থেকে আবেদন ফরম লিগ্যাল পেজে ডাউনলোড করে প্রার্থী স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ০২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট (৩৫০-৪০০) টি খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট (১০০- ১২০) টি খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ০৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন। চাকরিরত কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- ০৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মোট পদের ৫০% মহিলা নিয়োগ করা হবে।
- ০৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ০৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ০৭) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- ০৮) খামের উপরে প্রার্থীর পদের নাম, ইউনিয়ন/পৌরসভার নাম, ওয়ার্ড নম্বর, মৌজার নাম, গ্রাম/মহল্লার নাম উল্লেখ করতে হবে।
- ০৯) সকল পদের আবেদন আগামী ০৫/০২/২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ১০) বাছাই পরীক্ষার সময়সূচী আগামী ১০/০২/২০২০ খ্রি: তারিখ উপজেলা নির্বাহী অফিস, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম, উপজেলা পরিসংখ্যান অফিস কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম, কুড়িগ্রাম পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- ১১) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১২) মৌখিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ১৩) লিস্টিং অপারেশনের জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিস, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম, উপজেলা পরিসংখ্যান অফিস কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম, কুড়িগ্রাম পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- ১৪) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।
- ১৫) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- ১৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(নিলুফা ইয়াছমিন)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সভাপতি  
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর  
শুমারিকর্মী নির্বাচন কমিটি  
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।